ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৪৫১</u>

সোনামুড়া, ২৯ অক্টোবর, ২০২৫

**এমজিএন রেগা ঃ বানিয়াছড়া পঞ্চায়েতে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ**

চলতি ২০২৫-২৬ অর্থবর্ষে মোহনভোগ ব্লকের বানিয়াছড়া পঞ্চায়েত এলাকায় এমজিএন রেগার মাধ্যমে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করা হয়েছে। এরমধ্যে কৃষি কাজের সুবিধার জন্য পতিত টিলাভূমি সমতল করে দেওয়া হয়েছে ১০ ইউনিট। এক্ষেত্রে ব্যয় করা হয়েছে ১৬ লক্ষ ৩ হাজার ৮৫৪ টাকা। চাষাবাদের জন্য কৃষি জমি সম্প্রসারণ করে দেওয়া হয়েছে ১২ ইউনিট। এ কাজে ১৫ লক্ষ ৭ হাজার ৯৬০ টাকা ব্যয় করা হয়েছে। এছাড়া কৃষির কাজে জলসেচের সুবিধার্থে কৃষি জমিতে ৪টি মিনি পারকোলেশন ওয়াটার ট্যাঙ্ক খনন করে দেওয়া হয়েছে। এ প্রকল্পে ব্যয় করা হয়েছে ৬ লক্ষ ২ হাজার ৫৮২ টাকা। বানিয়াছড়া গ্রাম পঞ্চায়েত থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*******